

আপীল নং-৮৬৯/২০২০

তারিখঃ ১৫/১২/২০২০

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১৪/১১/২০২১	<p>নিয়ার এন্ড ফার ট্রাভেলস, ব্যবস্থাপনা অংশীদার, জনাবা সুমাইয়া তাসনিম, ১৬৬-১৬৭, শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, আলরাজী কমপ্লেক্স (৪র্থ তলা), ঢাকা ট্রাভেল এজেন্সীটি গত ২৮/১২/২০১৯ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে গত ১৫/১২/২০২০ তারিখে ৮৬৯/২০২০ নং আপীল দায়ের করেন। আপীল কর্তৃপক্ষ শুনানী শেষে ৩১/১২/২০২০ তারিখের ৮৬৯/২০২০ নং আপীলটি নামঞ্জুর করেন। আপীলকারী উক্ত নামঞ্জুর আদেশের পরিপ্রেক্ষিতে মহামান্য হাইকোর্ট বিভাগে ০৮/০২/২০২১ তারিখে ৮৪৯/ ২০২১ নং রিট পিটিশন দাখিল করেন। আপীল কর্তৃপক্ষ মহামান্য হাইকোর্ট বিভাগে আদেশের প্রেক্ষিতে গত ২১/০৩/২০২১ তারিখে ৮৬৯/২০২০ নং আপীলটি ০৮/০৮/২০২১ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয়। উক্ত স্থগিতাদেশের মেয়াদ শেষ হওয়ার পর থেকে বাংলাদেশ সুপ্রীম কোর্ট এর মহামান্য হাইকোর্ট বিভাগ পূর্ণাঙ্গরূপে খোলা সত্ত্বেও সংশ্লিষ্ট উচ্চ আদালত/ আপীলকারীর নিকট থেকে স্থগিতাদেশ বৃদ্ধির বা রিট মামলার নিষ্পত্তির কোন তথ্য না পাওয়ার কারণে গত ০৭/১০/২০২১ তারিখে আপীল কর্তৃপক্ষ পূর্বের বাতিল আদেশ বহাল রাখেন। পরবর্তীতে আপীলকারী গত ১১/১১/২০২১ তারিখে লিখিত আবেদনে জানান যে, মহামান্য হাইকোর্ট বিভাগে গত ২৭/০৯/২০২১ তারিখের রিট পিটিশনে স্থগিতাদেশ রুলের নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বাড়ানো হয়েছে। তিনি মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশের জাবেদা নকলের কপি প্রেরণ করেছেন। এমতাবস্থায় মহামান্য হাইকোর্টের আদেশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক।</p> <p style="text-align: right;">স্বাক্ষরিত/১৪/১১/২০২১ এ.এইচ.এম গোলাম কিবরিয়া অতিরিক্ত সচিব</p> <p style="text-align: center;">গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন) ও আপীল কর্তৃপক্ষ এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৮৬৯.২০২০- ৬৪৬ তারিখঃ ১৪/১১/২০২১ সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</p> <ol style="list-style-type: none"> ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। ৪) যুগ্ম-সচিব(নিবন্ধন কর্তৃপক্ষ), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৫) জেলা প্রশাসক, ঢাকা। ৬) উপসচিব(পর্যটন-৩)/উপ সচিব (আইন) বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ৮) অতিরিক্ত সচিব (প্রশাসন ও পর্যটন) ও আপীল কর্তৃপক্ষ এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়। ৯) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাতারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০। ১০) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), সুইট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১১) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সমূহ----- ১২) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১৩) জনাবা সুমাইয়া তাসনিম, ব্যবস্থাপনা অংশীদার, নিয়ার এন্ড ফার ট্রাভেলস, ১৬৬-১৬৭ শহীদ সৈয়দ নজরুল ইসলাম স্বরণী, আলরাজী কমপ্লেক্স (৪র্থ তলা), পুরানা পল্টন, ঢাকা। <p style="text-align: right;">স্বাক্ষরিত/১৪/১১/২০২১ সৈয়দ শরিফুল ইসলাম উপসচিব পর্যটন-৩ শাখা ফোন: ০২-৯৫৪০৮৩৯ ই-মেইল: dstourism3@moccat.gov.bd</p>	